

নোবিপ্রবি/জনওগ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২১৩৬

৩০ এপ্রিল ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

সোনাপুর হতে নোবিপ্রবি (বাংলাবাজার) সড়কাংশ চার লেনে উন্নীতকরণ বিষয়ে সভা

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ‘সোনাপুর হতে নোবিপ্রবি (বাংলাবাজার) সড়কাংশ চার লেনে উন্নীতকরণসহ বাংলাবাজার-সুবর্ণচর উপজেলা হেডকোয়ার্টার সড়ক (জেড-১৪৫১) যথাযথ মানে উন্নয়ন’ শীর্ষক প্রকল্পের ডিপিপি’র ‘এনভায়রনমেন্টাল ইমপ্যাক্ট অ্যাসেসমেন্ট (EIA)’ প্রণয়নের নিমিত্তে স্টেকহোল্ডার মিটিং অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (৩০ এপ্রিল ২০২৫) নোবিপ্রবি উপাচার্যের কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। প্রোসয়েল ফাউন্ডেশন কনসালটেন্ট এর আয়োজন করে। এতে সভাপতি ছিলেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

অংশীজন সভায় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, এই সড়ক দিয়ে প্রতিনিয়ত বিশ্ববিদ্যালয়ের দোতলা বাসসমূহ শিক্ষার্থীদেরকে নিয়ে ঝুঁকিপূর্ণভাবে চলাচল করছে। ফলে এই সড়কটি চার লেনে উন্নীত করা অত্যন্ত জরুরী। আমরা যেনো এই সড়কের কাজ দ্রুত শুরু করতে পারি তার জন্য আপনাদের সকলের সার্বিক সহযোগিতা প্রয়োজন।

এসময় সভায় উপস্থিত বক্তারা ওই সড়ক চার লেনে উন্নীত করার বিষয়ে একমত পোষণ করেন এবং নোয়াখালী জেলা প্রশাসনের পক্ষ থেকে সড়কটি নির্মাণের ক্ষেত্রে কোনো প্রকার গুরুত্বপূর্ণ স্থাপনা বাধাগ্রস্ত হবেনা বলে জানানো হয়। এসময় উপস্থিত বক্তারা সড়ক চার লেনে উন্নীতকরণের ক্ষেত্রে কিছু প্রতিবন্ধকতার কথাও তুলে ধরেন।

বক্তাদের বক্তব্যের পরিপ্রেক্ষিতে নোবিপ্রবি উপাচার্য আরও বলেন, এই সড়ক চার লেনে উন্নীত করার ক্ষেত্রে নানা প্রতিবন্ধকতা আসতে পারে। এক্ষেত্রে আমাদের দিক থেকে যতটুকু সহযোগিতা লাগে আমরা বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে তা করার চেষ্টা করবো। পাশাপাশি আপনাদের সকলের সহযোগিতা একান্তভাবে কামনা করছি। সভায় আপনাদের মূল্যবান মতামত প্রদানের জন্য সকলকে ধন্যবাদ।

সভায় অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন নোবিপ্রবি উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ মহিনুজ্জামান, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী ও নোবিপ্রবি প্রধান প্রকৌশলী মো: জামাল হোসেন। এছাড়াও নোয়াখালী জেলা প্রশাসন, জেলা পরিষদ, নোয়াখালী পৌরসভা, গণপূর্ত অধিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, উপকূলীয় বন বিভাগ, পরিবেশ অধিদপ্তর, নোয়াখালী সদর/সুবর্ণচর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নোয়াখালী সদর/সুবর্ণচর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, সোনাপুর, নোয়াখালী, প্রেসক্লাব, নোয়াখালী, সোনাপুর পৌরবাজার কমিটি, নোয়াখালী, সোনাপুর পৌর সুপার মার্কেট পরিচালনা কমিটি, নোয়াখালী এবং প্রোসয়েল ফাউন্ডেশন কনসালট্যান্ট এর গুরুত্বপূর্ণ কর্মকর্তাগণ সভায় অংশগ্রহণ করেন এবং তাঁদের মূল্যবান মতামত প্রদান করেন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪